

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার,  
ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd

তারিখ: ২১ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ  
০৬ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.১৮.১৫১.২৪.৪৫৬

**বিষয়: তৈরী পোশাক (ওভেন) উপ-খাতের বস্ত্র শিল্প কারখানার অনুকূলে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ ছাড়করণের লক্ষ্যে আই, পি জারীকরণ প্রসংগে।**

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং- ৮৪০, তারিখঃ ২৬/০৯/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আলোকে জানানো যাচ্ছে যে, এসলাইট গার্মেন্টস (বাংলাদেশ) কোং লিমিটেড, অফিস ও কারখানাঃ জামিরদিয়া, হবিরবাড়ী, ভালুকা, ময়মনসিংহ নামক কারখানাটি ১০০% রপ্তানীমুখী “তৈরী পোশাক(ওভেন)” উপখাতের একটি বস্ত্র শিল্প ইউনিট। যা বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত, যার নিবন্ধন সংখ্যা- আরএমজি/ইএক্সপি/০০০৮৩০-২১, তারিখ-২১-০৯-২০২১ খ্রিঃ। উদ্যোক্তা বিদ্যমান কারখানার সুশ্রমকরণ/আধুনিকীকরণ/প্রতিস্থাপন ও সম্প্রসারণের নিমিত্তে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ ছাড়করণের আমদানী পারমিট (আই, পি) জারীর লক্ষ্যে সুপারিশ প্রেরণের আবেদন করেছেন। উল্লেখ্য, বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ ছাড়করণের অপেক্ষায় চট্টগ্রাম কাষ্টমস কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে রয়েছে। আবেদন পত্রের সহিত শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহের ইনভয়েস নং- MHF[2024]0063/65, তারিখ- 14-09-2024 খ্রিঃ, বিল অব লেডিং নং- 285011945, তারিখ-27-09-2024 খ্রিঃ, যার ইনভয়েস মূল্য- ২,২৪,৪৭০.০০ মার্কিন ডলার দাখিল করেছেন। প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ কারখানার অবস্থানঃ জামিরদিয়া, হবিরবাড়ী, ভালুকা, ময়মনসিংহ এলাকায় স্থাপন করবেন বলে জানিয়েছেন।

বর্ণিত অবস্থায়, কারখানার নামে বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ খালাস করার লক্ষ্যে আমদানী নীতি ২০২১-২০২৪ অনুযায়ী বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে নিম্নবর্ণিত শর্তে প্রয়োজনীয় ইম্পোর্ট পারমিট (আই.পি) জারী করার জন্য সুপারিশ করা হলো।

শর্তসমূহঃ

- বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহের বিপরীতে কোন মূল্য পরিশোধ করা যাবে না।
- প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ নিজস্ব কারখানা- জামিরদিয়া, হবিরবাড়ী, ভালুকা, ময়মনসিংহ এলাকায় স্থাপন করতে হবে।
- উল্লেখিত মেশিনারীজ/যন্ত্রাংশ অন্য কোথাও বিক্রয় বা হস্তান্তর করা যাবে না এবং সরকারের অন্যান্য দপ্তর সংস্থার যাবতীয় বিধিবিধান প্রতিপালন করতে হবে।
- আমদানিকৃত মেশিনারীজের মূল্য বিনিয়োগ হিসাবে আগামী ০৩ মাসের মধ্যে নিবন্ধন সংশোধনে অর্ন্তভুক্ত করতে হবে। অন্যথায় নিবন্ধনটি বাতিল বলে গণ্য হবে।



০৬-১০-২০২৪

রাজু আহমেদ

উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.১৮.১৫১.২৪.৪৫৬/১ (৫)

তারিখ: ২১ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ  
০৬ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কমিশনার, কাষ্টমস হাউজ, চট্টগ্রাম।;
- ২। মহা-ব্যবস্থাপক, পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।;
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, এসলাইট গার্মেন্টস (বাংলাদেশ) কোং লিমিটেড, অফিস ও কারখানাঃ জামিরদিয়া, হবিরবাড়ী, ভালুকা, ময়মনসিংহ।;
- ৪। ওয়ান স্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা এবং
- ৫। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।



০৬-১০-২০২৪

রাজু আহমেদ

উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)